# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 21 June, 2025

নেত্রকোণার কেন্দুয়া উপজেলার কলেজ রোড এলাকার একটি গোডাউনে অভিযান চালিয়ে ১৩ হাজার ৫১৫ কেজি সরকারি চাল জব্দ করেছে যৌথ বাহিনী।শুক্রবার (২০ জুন) বিকাল ৩টা থেকে রাত ১২টা পর্যন্ত চলে এ অভিযান।অভিযানে যৌথ বাহিনীর একটি দল অংশ নেয়। ঘটনাস্থল থেকে সন্দেহভাজন হিসেবে তিনজনকে আটক করা হলেও পরে তাদের পরিবারের জিম্মায় ছেড়ে দেওয়া হয়।এ বিষয়ে কেন্দুয়া থানার ওসি মিজানুর রহমান জানান, কাউকে গ্রেফতার দেখানো হয়নি এবং এখনো পর্যন্ত কোনো মামলা দায়ের হয়নি।

কেন্দুয়া উপজেলা প্রশাসন জানায়, জব্দ করা চালগুলো ‘ডিলার রেশন (ডি.আর)’ কর্মসূচির আওতাভুক্ত ছিল, যা বিধি লঙ্ঘন করে একটি ব্যক্তিগত গোডাউনে মজুদ রাখা হয়েছিল বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

উক্ত গোডাউনের মালিকানা কেন্দুয়া পৌর বিএনপির সভাপতি খোকন আহম্মেদের বলে জানা গেছে।তার বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে ওই গোডাউনে সরকারি চাল মজুদের আড়ালে অনিয়ম চলছিল।অভিযানের পর এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

যৌথ বাহিনী সরকারি চাল নেত্রকোণা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:11

URL: https://timestodaybd.com/mymensingh/3531212296